

## শাবি ক্যাম্পাসে মর্টার শেলসহ আটক ১

### সিলেট ব্যুরো

শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় (শাবি) ক্যাম্পাস থেকে একটি মর্টার শেলসহ এক ব্যক্তিকে আটক করেছে পুলিশ। রোববার দুপুরে বিশ্ববিদ্যালয়ের গোলচত্বরস্থ বাসস্ট্যান্ড থেকে শেকুল নিয়াকে আটক করে জালালাবাদ থানা পুলিশ।

ক্যাম্পাস খোলার প্রথম দিনেই এ ঘটনায় ক্যাম্পাসে আতঙ্ক বিরাজ করে। আটক শেকুল মিয়া নেকোনোর মদন-খানার তিওরী ইউনিয়নের ইসু মিয়ার ছেলে। তিনি বিশ্ববিদ্যালয়ের পার্শ্ববর্তী মুগিপাড়াস্থ জহির মিয়ার কলোনিতে থাকেন। শেকুল মিয়া শনিবার বিকাল ৫টায় ওসমানী বিমানবন্দর এলাকায় ভবন নির্মাণ কাজ করার সময় ঘাটি খুঁড়তে গিয়ে ১০ ফুট নিচে মর্টার শেলটি পান। এটি বিক্রির উদ্দেশ্যে রোববার তিনি ক্যাম্পাসে নিয়ে আসেন। মর্টার শেল নিয়ে ঘোরাঘুরি করার সময় পুলিশ তাকে আটক করে।

জালালাবাদ থানার এসআই আরিফুল ইসলাম জানান, মর্টার শেলটি বহু বছর মাটির নিচে পড়ে ছিল। অতিরিক্ত চাপে এটা যে কোনো সময় ফেটে যেতে পারত। সন্দেহে এটা মুক্তিযুদ্ধকালীন মর্টার শেল।